



লেখা হামিনা  
উদ্যোগ  
চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২  
রাউজান, চট্টগ্রাম।  
web: www.pbs2.chittagong.gov.bd  
e-mail: ctgpbs2@yahoo.com



স্মারক নং-২৭.১২.১৫৭৪.৫২৯.০১.০০৩.২৩. ৪২২৪

তারিখঃ ১৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ  
০২ নভেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ

### আইন উপদেষ্টা (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তিঃ

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর মামলা মোকদ্দমা পরিচালনা, আইনগত পরামর্শ ও সহায়তা গ্রহণের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে চুক্তিভিত্তিতে একজন “আইন উপদেষ্টা” নিয়োগের লক্ষ্যে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

#### শর্তাবলীঃ

- ০১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০২। যারা জেলা কোর্ট / উপজেলা কোর্ট / সহকারী জজ কোর্টে কমপক্ষে ০৮(আট) বৎসর যাবত আইন ব্যবসায় নিয়োজিত আছেন (দেওয়ানী ও ফৌজদারী মামলায় অভিজ্ঞতা অগ্রাধিকার পাবে) এবং অবসরপ্রাপ্ত জুডিসিয়াল জজ যীরা আইন ব্যবসায় জেলা পর্যায়ে (শুধু চট্টগ্রাম জেলা) এবং অত্র পবিসের আওতাধীন (রাউজান, রাংগুনিয়া, ফটিকছড়ি) উপজেলায় নিয়োজিত আছেন কেবল তাঁরাই আবেদন করতে পারবেন।
- ০৩। বার কাউন্সিলের এনরোলমেন্ট সার্টিফিকেট সহ Degree in Law ও অন্যান্য সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয় পত্র এবং সাম্প্রতিক তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়নপূর্বক আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৪। আইন উপদেষ্টা হিসেবে ০৩(তিন) বৎসরের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। নিয়োগ প্রাপ্তির পর চুক্তিকালীন উভয়পক্ষ কমপক্ষে ৩০(ত্রিশ) দিনের অগ্রিম নোটিশের মাধ্যমে চুক্তি বাতিল করতে পারবেন।
- ০৫। মাসিক রিটেইনার ফি ৫,০০০/= (পাঁচ হাজার) টাকা সহ নিম্ন আদালত, হাইকোর্ট, সুপ্রিম কোর্টে মামলা পরিচালনার জন্য বাংলাদেশ পল্লী বিদ্যুৎায়ন বোর্ড কর্তৃক অনুমোদিত নির্ধারিত হারে ফি প্রদান করা হবে।
- ০৬। অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে আইন উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকলে তাদের আবেদন করার প্রয়োজন নেই।
- ০৭। নিম্নবর্ণিত ছক আকারে প্রার্থীগণকে আবেদন করতে হবে।
  - (ক) (১) আবেদনকারীর নাম(স্পষ্টাক্ষরে) (২) পিতার নাম (৩) মাতার নাম  
(৪) স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) (৫) জন্ম তারিখ (৬) শিক্ষাগত যোগ্যতা।
  - (খ) স্থায়ী ঠিকানা:
  - (গ) বর্তমান ঠিকানা:
  - (ঘ) আইনজীবী হিসাবে এনরোলমেন্ট এর তারিখ:
  - (ঙ) আইন পেশার নিয়োজিত সময়কাল :  
(১) সহকারী জজ কোর্ট / থানা কোর্ট (২) জজ কোর্ট(৩) সুপ্রীম কোর্টের হাইকোর্ট এ্যাপিলেট ডিভিশন
  - (চ) আইন উপদেষ্টা পদে পূর্ব অভিজ্ঞতা :
  - (ছ) সরকারী / আধা সরকারী / স্বায়ত্বশাসিত অথবা অন্যান্য প্রতিষ্ঠানে বর্তমানে আইন উপদেষ্টা পদে নিয়োজিত থাকিলে তাহার বিস্তারিত বিবরণ:
- ০৮। নিয়োগ সংক্রান্ত বিষয়ে যে কোন সমস্যার উদ্ভব হলে চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

উল্লিখিত যোগ্যতা সম্পন্ন ও শর্ত প্রতিপালনে ইচ্ছুক আইনজীবীগণকে সাদা কাগজে আবেদন আগামী ১৫-১১-২০২৩ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে অথবা কুরিয়ার যোগে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন পত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো। অসম্পূর্ণ বা নির্ধারিত তারিখের পর কোন আবেদন বিবেচনা করা হবে না।

০২.১১.২০২৩  
(মোহাম্মদ সরওয়ার জাহান)  
জেনারেল ম্যানেজার

#### অনুলিপিঃ

- ০১। জেলা প্রশাসক/ জেলা জজ, চট্টগ্রাম।
- ০২। পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল)/ লিগ্যাল এ্যাফেয়ার্স পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩। সভাপতি, আইনজীবী সমিতি, চট্টগ্রাম
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার-----পবিস ১/ ২/৩/৪।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, রাউজান / রাংগুনিয়া / ফটিকছড়ি উপজেলা, চট্টগ্রাম।
- ০৬। ডিজিএম, ফটিকছড়ি/আজাদীবাজার/রাংগুনিয়া /নোয়াপাড়া জোনাল অফিস, চট্টগ্রাম পবিস-২।
- ০৭। এজিএম, দীতমারা/ধামাইরহাট/নাজিরহাট সাব জোনাল অফিস, চট্টগ্রাম পবিস-২।
- ০৮। এজিএম, অর্থ (হিসাব), চট্টগ্রাম পবিস-২।
- ০৯। এজিএম (আইটি), চট্টগ্রাম পবিস-২। (পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।।
- ১০। অফিস নথি।

০২.১১.২০২৩  
(মোহাম্মদ সরওয়ার জাহান)  
জেনারেল ম্যানেজার